

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর  
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০  
ইমেইল: org@scouts.gov.bd

পত্র নং-বা. স্কা. (সংগঠন)/১২১৬(৬০০)/২০২৫

তারিখ : ২৩ পৌষ ১৪৩১  
০৭ জানুয়ারি ২০২৫

সদস্য সচিব  
আঞ্চলিক স্কাউটস এডহক কমিটি  
বাংলাদেশ স্কাউটস, (সকল) অঞ্চল।

**বিষয়: উপজেলা কাউন্সিল আয়োজন বিষয়ে বাংলাদেশ স্কাউটস এর এডহক কমিটির সিদ্ধান্ত  
অবহিতকরণ সম্পর্কীয়।**


জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জানাচ্ছি যে, উপজেলা পর্যায়ে কাউন্সিল সভা আয়োজন বিষয়ে বাংলাদেশ স্কাউটস এর এডহক কমিটির ৩য় সভায় আলোচনা হয় এবং 'গঠন ও নিয়ম' এর ১৯৩ (খ) ধারা (সংযুক্ত) অনুসারে কাউন্সিল সভা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উপজেলা কাউন্সিল আয়োজনে নিম্নরূপ নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

- ১) এডহক কমিটির কোনো সদস্য নিজ স্তরের নির্বাচনী কোনো পদে অংশগ্রহণ করতে পারবেন না;
- ২) যে সকল কর্মকর্তা ইতোমধ্যে ০২ (দুই) টার্ম (৬ বছর) কোনো পদে নির্বাচিত/সুপারিশকৃত/মনোনীত হয়েছেন তাঁরা সংশ্লিষ্ট স্তরের উক্ত পদে নির্বাচন/সুপারিশ/মনোনয়নের জন্য যোগ্য হবেন না;
- ৩) যে সকল ইউনিটের চার্টার আছে তারাই কাউন্সিলের হিসেবে মনোনীত হবেন;
- ৪) ইউনিটের নবায়ন ও বিশ্ব স্কাউট ফি পরিশোধ করে বিধি মোতাবেক কাউন্সিলের হতে হবে;
- ৫) ইয়ুথ লিডারদের নির্বাচন ও মনোনয়নের জন্য বিবেচনা করা যায়;
- ৬) রাজনৈতিক দলের পদধারী কোনো ব্যক্তি উপজেলা কাউন্সিলে নির্বাচন করতে পারবে না;
- ৭) দুর্নীতির দায়ে অভিযুক্ত কোনো ব্যক্তি উপজেলা কাউন্সিলে নির্বাচন করতে পারবে না;
- ৮) উপজেলা স্কাউটস এডহক কমিটির মেয়াদ ১৫ দিন বর্ধিত করে ৩০ জানুয়ারি ২০২৫ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হয়।

এ নীতিমালা/নির্দেশনা অবিলম্বে কার্যকর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ জানাই।

সংযুক্তি: বর্ণনামতে।

  
০৭/০১/২০২৫  
(উনু চিহ্ন)  
নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
বাংলাদেশ স্কাউটস

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

- ১। আহবায়ক, জেলা স্কাউটস এডহক কমিটি (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ২। আহবায়ক, উপজেলা স্কাউটস এডহক কমিটি (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;

**সদয় জ্ঞাতার্থে:**

- ১। আহবায়ক, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
- ২। সদস্য (সকল), এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
- ৩। সদস্য সচিব, এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস;
- ৪। আহবায়ক, আঞ্চলিক স্কাউটস এডহক কমিটি, বাংলাদেশ স্কাউটস, (সকল) অঞ্চল।

বাংলাদেশ স্কাউটস এর 'গঠন ও নিয়ম' (পৃষ্ঠা-৯৮)

১৯৩। ত্রৈবার্ষিক সভা

(খ) ত্রৈবার্ষিক সাধারণ সভায় বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে :

- ১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক (স্কাউট শাখা) ও যুগ্ম সম্পাদক (কাব শাখা) এবং গ্রুপ/ইউনিট কমিটির সভাপতিদের মধ্য থেকে চার জন (দু'জন প্রাথমিক বিদ্যালয় ও দু'জন মাধ্যমিক বিদ্যালয় থেকে) প্রতিনিধি নির্বাচন করতে হবে;
- ২) উপজেলা/থানা কমিশনার নিয়োগের সুপারিশ;

